দৈনিক বাংলা

তারিখ ... 18.6.85 ...
পৃষ্ঠা ... 5 কলাম ... 1 ...

012

# বেসরকারী শিক্ষকদের অনুদান

বেসরকারী শিক্ষাপ্রতিষ্ঠানগুলির শিক্ষক ও কর্মচারীদের জন্য বরাদ্দ করা সরকারী অনুদানের অর্থ ১৫ই জুনের মধ্যে পরিশোধ করার যে নির্দেশ দেয়া হয়েছে, তা খুবই প্রয়োজনীয় এবং যথার্থ পদক্ষেপ। এ সংক্রান্ত খবরে বলা হয়েছে, শিক্ষামন্ত্রী জনাব শামসুল হুদা চৌধুরী গত মঙ্গলবার বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানগুলির শিক্ষক ও কর্মচারীদের বেতন ও মহার্ঘ ভাতা বাবদ চলতি অর্থবছরের শেষ কিস্তির সরকারী অনুদান মোট ৩৯ কোটি ৫৬ লাখ ২৬ হাজার ২৫৯ টাকার তিনটি চেক সোনালী, অগ্রণী ও জনতা ব্যাংক কর্তৃপক্ষের কাছে আনুষ্ঠানিকভাবে হস্তান্তর করেন এবং উপরোক্ত নির্দেশ দেন।

বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানগুলির শিক্ষক ও কর্মচারীরা তুলনামূলকভাবে অনেক কম বেতন, মহার্ঘ ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধা পান। শিক্ষাপ্রতিষ্ঠানগুলির আয়ের উৎস এবং অর্থনৈতিক সঙ্গতির সীমাবদ্ধতাই এর প্রধান কারণ। শিক্ষার্থীদের বেতন এবং সমাজের শিক্ষানুরাগী ও জনকল্যাণকামী কোনো কোনো মহলের অনুদান এবং সাহায্য-সহযোগিতাই এসব শিক্ষাপ্রতিষ্ঠানের আয়ের মূল উৎস। ছাত্র-ছাত্রীর সংখ্যা কম হলে এবং তাদের বেতন ঠিকমত আদায় না হলে, বিভিন্ন মহল থেকে ডোনেশন বা অনুদান না পাওয়া গেলে বেসরকারী শিক্ষাপ্রতিষ্ঠানের অর্থনৈতিক সঙ্গতির অভাব এবং দুরবস্থাও বাড়ে।

বাস্তব কারণেই অনেক শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও কর্মচারীরা খুবই কম বেতন পান; তা-ও অবার মাসের পর মাস বাকী পড়ে থাকে। সরকার বেসরকারী শিক্ষাপ্রতিষ্ঠানগুলির শিক্ষক ও কর্মচারীদের বেতন ও মহার্ঘ ভাতা বাবদ অনুদানের ব্যবস্থা করায়, অর্থনৈতিক অবস্থার অনেকখানি উন্নতি হয়েছে এবং এতে সংশ্লিষ্ট সবাই কিছুটা হলেও উপকৃত হচ্ছেন। চলতি অর্থ বছরের অনুদানের শেষ কিস্তির টাকা আগামী ১৫ই জুনের মধ্যে পরিশোধ করা হলে এই পবিত্র রমজান মাসে এবং দুর্মূল্যের দিনে তারা বিশেষভাবে উপকৃত হবেন।